অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

# নির্বাচন কমিশন
# বাংলাদেশ
# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.১৪-৩৮৪

তারিখঃ ০২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

ফ্যাক্স : ৯১৮০৭৮২

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৯১৮০৬৫৩ (অফিস)

প্রেরক : **রকিব উদ্দিন মন্ডল**
উপ সচিব
নির্বাচন পরিচালনা-২

প্রাপক : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
ও
রিটার্নিং অফিসার

## পরিপত্র-৩

বিষয় : **জাতীয় সংসদের ২০৮ নারায়ণগঞ্জ-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ব্যালট পেপারের নিরাপত্তা, ব্যালট পেপারসহ বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা, ভোটকেন্দ্রে বিভিন্ন রকমের সিল প্রেরণ এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ**

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে জাতীয় সংসদের সাধারণ নির্বাচন উপলক্ষে ১৬ পৌষ ১৪২০ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত পরিপত্র-১৬ [১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩(অংশ-৩).৫৬২]-এর অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, নির্বাচনি দ্রব্যাদি যথাযথভাবে সংরক্ষণ, ভোটকেন্দ্রে প্রেরণ এবং ভোটগ্রহণ শেষে ভোটকেন্দ্র হতে সিলগালাকৃত কাগজপত্র ও নির্বাচনি দ্রব্যাদি ট্রেজারিতে সংরক্ষণের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি রিটার্নিং অফিসারের নিকট যথাসময়ে প্রেরণ করা হবে। ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি জেলা পর্যায়ে পৌঁছানোর পর জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

২। **ব্যালট পেপারের নিরাপত্তাঃ** নির্ধারিত সময়সূচি অনুযায়ী পর্যাপ্ত নিরাপত্তার সাথে সরকারি মুদ্রণালয় হতে ব্যালট পেপারসমূহ জেলা পর্যায়ে নিতে হবে। জেলা পর্যায় থেকে উপজেলা পর্যায়ে এবং পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটকেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ ভোটকেন্দ্রে অন্যান্য মালামালের সাথে নিয়ে যেতে হবে। ব্যালট পেপার বিতরণ ও সরবরাহের সময় নির্বাচনি এলাকায় দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ নিরাপত্তা প্রদান করবে।

৩। **বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষাঃ** ব্যালট পেপারসহ অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করবেন। বিশেষ করে নির্বাচনি মালামাল সংরক্ষণ, বিতরণ ও সরবরাহের সময় অফিসিয়াল সিলের কোড নম্বরের গোপনীয়তা রক্ষা করতে হবে।

৪। **ব্রাস সিলের নিরাপত্তা কোড নম্বরঃ** আপনার নিকট তিন ধরনের সিল অর্থাৎ অফিসিয়াল সিল, মার্কিং সিল এবং ব্রাস সিল প্রেরণ করা হবে। প্রেরিত তিনটি সিলের মধ্যে অফিসিয়াল সিল এবং ব্রাস সিলে নিরাপত্তামূলক নম্বর (কোড মার্ক) রয়েছে। সুতরাং আপনি এই সিল দুটি প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের সময় কোন্ ভোটকেন্দ্রে কোন্ নম্বরের সিল সরবরাহ করেছেন তা বিতরণ রেজিস্টারে লিখে রাখবেন এবং প্রত্যেক সিলের ছাপও নিরাপদ স্থানে রক্ষণাবেক্ষণ করবেন।

৫। **হেসিয়ান ব্যাগ ও গানি ব্যাগের মাধ্যমে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণঃ** বিভিন্ন ধরনের সিল ভোটকেন্দ্রে সরবরাহের জন্য চটের থলিও প্রেরণ করা হবে। আপনি প্রত্যেক ভোটকেন্দ্রের সিল চটের থলিতে আবদ্ধ করে সিল গালা করবেন এবং ভোটগ্রহণ শেষে ঐ চটের থলিতেই সিল গালা করে প্রিজাইডিং অফিসারকে ফেরত দিতে বলবেন। তবে এই ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারের পক্ষে পিতলের সিল (ব্রাস সিল) থলিতে ভর্তি করা সম্ভব হবে না। কারণ পিতলের সিলের মাধ্যমে চটের থলি সিল গালা করতে হবে বিধায় পিতলের সিলটি পৃথকভাবে জমা দিতে বলবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহারাধীনে যত তাড়াতাড়ি সম্ভব সহকারী রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসারের নিকট তা হস্তান্তর করবেন। সিলমোহরকৃত চটের গানি ব্যাগ ভোটকেন্দ্র হতে প্রেরণের পূর্বে গানি ব্যাগে ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখিত কাগজ দ্বারা সেঁটে দিতে হবে।

৬। **নির্বাচনি দ্রব্যাদি ও ভোটগ্রহণ কর্মকর্তাদের গন্তব্যস্থলে পৌঁছানের জন্য সহায়তাঃ** ভোটগ্রহণের পূর্বের দিন প্রিজাইডিং অফিসারদের নিকট মালামাল বিতরণ করার পর ভোটকেন্দ্রে গমনের জন্য ব্যবস্থা করা এবং ভোটকেন্দ্রে ভোট গণনা শেষে ফলাফল ও নির্বাচনি দ্রব্যাদিসহ সহকারী রিটার্নিং অফিসারের দপ্তরে আসার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বিশেষ করে ভোটকেন্দ্র হতে ফলাফল ও নির্বাচনি দ্রব্যাদি উপজেলা সদরে নিয়ে আসার সময় আইন-শৃঙ্খলা বাহিনীকে বিশেষ সর্তকতা অবলম্বন করতে হবে। প্রয়োজনে নির্বাচনি এলাকায় দায়িত্ব পালনরত মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সহায়তা নিতে হবে।

৭। **নির্বাচনি কাগজপত্রাদি নিরাপত্তা সহকারে সংরক্ষণঃ** জাতীয় সংসদের **২০৮ নারায়ণগঞ্জ-৫** নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের আসন্ন নির্বাচন শেষে সমস্ত নির্বাচনি কাগজপত্র গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪২ এর বিধান অনুসারে আপনাকে সংরক্ষণ করতে হবে। মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে আপনাকে নির্বাচনি কাগজপত্রাদি সরকারি কোষাগারে (ট্রেজারিতে ডাবল লকে) সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণে সর্বোচ্চ নিরাপত্তা ও রক্ষামূলক ব্যবস্থা (safety and protection) গ্রহণ করতে হবে।

৮। বর্ণিতাবস্থায়, ব্যালট পেপারের নিরাপত্তা, ব্যালট পেপারসহ বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ ও অনুরূপ বিষয়ে জাতীয় সংসদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৬/০৬/২০১৪

**(রকিব উদ্দিন মন্ডল)**
উপ সচিব
নির্বাচন পরিচালনা-২

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.১৪-৩৮৪

তারিখঃ ০২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি, ঢাকা
৬. মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা, ঢাকা
১০. যুগ্ম সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ইসলামিক ফাউন্ডেশন ভবন, আগারগাঁও, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [পরিপত্র-৩ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
১৫. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
১৬. উপ সচিব (আইন/নির্বাচন পরিচালনা-১/নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা নির্বাচন কর্মকর্তা, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা-নারায়ণগঞ্জ সদর/বন্দর, নারায়ণগঞ্জ
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ
২১. জেলা তথ্য কর্মকর্তা, নারায়ণগঞ্জ
২২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বন্দর, জেলা-নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. উপজেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ সদর, জেলা-নারায়ণগঞ্জ
২৫. অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা, জেলা-নারায়ণগঞ্জ
২৬. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোনঃ ৯১৮০৭৮৪